

বিশ্বকাপ সামনে রেখে আবারও পুরনো ছন্দে ফেরার আশায় ব্রাজিলিয়ান ক্লাব সান্তোসে চুক্তি বাড়ালেন নেইমার। মঙ্গলবার ক্লাবের এক বিবৃতিতে জানানো হয়, ২০২৫ সালের ডিসেম্বর পর্যন্ত সান্তোসেই খেলবেন ৩৩ বছর বয়সী এই ফরোয়ার্ড।

সিদ্ধান্তটি একেবারেই আবেগপ্রবণ ছিল বলে জানিয়েছেন নেইমার। তিনি বলেন,

“আমি একটা সিদ্ধান্ত নিয়েছি, আর সেটা হৃদয় দিয়ে নিয়েছি। সান্তোস শুধু আমার দল না, এটা আমার ঘর, আমার শেকড়, আমার ইতিহাস আর আমার জীবন।”

নেইমারের পেশাদার ক্যারিয়ার শুরু হয়েছিল সান্তোস থেকেই। এরপর বার্সেলোনা ও পিএসজিতে দুর্দান্ত সময় কাটিয়ে সৌদি ক্লাব আল-হিলালে যোগ দেন তিনি। তবে ইনজুরি যেন পিছু ছাড়েনি। দেড় বছরে মাত্র ৭টি ম্যাচেই মাঠে নামতে পেরেছেন।

চোট সামলে চলতি বছরের জানুয়ারিতে নেইমার ফেরেন নিজের শেকড়ের ক্লাবে। প্রথমে ৩০ জুন পর্যন্ত স্বল্পমেয়াদি চুক্তি হলেও এবার সেটি ছয় মাস বাড়িয়ে নেওয়া হলো।

তবে ফিরেও পুরোনো ছন্দে ফিরতে পারেননি। সান্তোসের হয়ে ৫ মাসে ১২ ম্যাচে করেছেন মাত্র ৩ গোল। সর্বশেষ ম্যাচে বোটাফোগোর বিপক্ষে হাত দিয়ে গোল করে দ্বিতীয় হলুদ কার্ড দেখে মাঠ ছাড়েন। সেই সঙ্গে চলতি ব্রাজিলিয়ান লিগে সান্তোস দলও আছে অবনমন অঞ্চল থেকে সামান্য ওপরে—মাত্র গোল ব্যবধানেই টিকে আছে তারা।

মাঠের বাইরে সমালোচনা ও বিতর্ক

চোটের মাঝেই নেইমারকে দেখা গেছে রিও কার্নিভাল ও প্রদর্শনী ম্যাচ 'কিংস লিগ'-এ অংশ নিতে, যা নিয়ে তীব্র সমালোচনা চলছে ব্রাজিল মিডিয়ায়।

জাতীয় দলে প্রত্যাবর্তনের চেষ্টা

তবে সব সমালোচনার মধ্যেও ব্রাজিল জাতীয় দলের জন্য এখনও বড় ভরসা নেইমার। দেশের হয়ে এখন পর্যন্ত সর্বোচ্চ ৭৯ গোল করে ছাড়িয়ে গেছেন কিংবদন্তি পেলেকেও। তবুও সেই কাঙ্ক্ষিত বিশ্বকাপ ট্রফি অধরাই রয়ে গেছে।

চলতি বছরের মার্চে বাছাইপর্বের জন্য দলে ডাক পেলেও শেষ মুহূর্তে হ্যামস্ট্রিং চোটে বাদ পড়েন। নতুন কোচ কার্লো আনচেলত্তির প্রথম স্কোয়াডেও জায়গা হয়নি তার। তবে নেইমার হার মানছেন না। সান্তোসে থেকেই চেষ্টা চালিয়ে যাচ্ছেন ২০২৬ বিশ্বকাপে শেষবারের মতো ব্রাজিলের জার্সি গায়ে বড় মঞ্চে ফেরার।

বিশ্বকাপ ব্রাজিল নেইমার বার্সেলোনা ২০২৬ বিশ্বকাপ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 23:17

URL: <https://timestodaybd.com/sports/4462343687>